The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 925 | 05 June 2026 | শুক্রবার ২২ জ্যৈষ্ঠ ১৪৩২



Mamdani Releases World Cup Promotional Video Featuring Bronx-Born Palestinian Soccer Pioneer Morad Fareed → Page 18



Queens residents sue city's 'worst landlord' over crumbling building → Page 19



Rumeen Farhana to join protest against 'Bonolota Express' screening halt → Page 18



Khalilur elected UNGA president → Page 19

# তারেক রহমানকে নিয়ে গভীর ষড়যন্ত্রের ইঙ্গিত!

আজকাল রিপোর্ট



প্রধানমন্ত্রী তারেক রহমানের নিরাপত্তা নিয়ে গভীর ষড়যন্ত্রের ইঙ্গিত দেয়া হচ্ছে। সাম্প্রতিক কিছু ঘটনা তার প্রাণনাশের হুমকি বলে বিবেচ্য হতে পারে। জামায়াতে ইসলামী ঢাকা মহানগর দক্ষিণের আমীর সেলিম উদ্দিনের সাম্প্রতিক এক মন্তব্য এবং প্রধানমন্ত্রীর লাল টেলিফোনের তার কেটে নেবার মতো ঘটনা কিসের আলামত -- এমন প্রশ্নে তোলপাড় হচ্ছে সোস্যাল মিডিয়ায়। সেলিম উদ্দিন মন্তব্য করেন যে, 'তারেক রহমানের যে কোনও সময় মরা লাগতে পারে। তাই জামায়াতের আমীর শফিকুর রহমানের মতো সাহসী প্রধানমন্ত্রীর অপেক্ষায় আছি আমরা'। তার এই মন্তব্যে এখন সামাজিক যোগাযোগ মাধ্যম সরগরম। সেলিম উদ্দিন আসলে কী বোঝাতে চাইছেন? কেউ হয়তো মনে করতে পারেন যে, সেলিম উদ্দিন প্রধানমন্ত্রীর স্বাভাবিক মৃত্যুর কথাই বলতে চাইছেন। কিন্তু স্বাভাবিক মৃত্যু হলে জামায়াতের ক্ষমতায় যাবার সুযোগ নেই।

বাংলাদেশের সংবিধান এবং বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট অনুযায়ী, প্রধানমন্ত্রীর মৃত্যু হলে প্রধানমন্ত্রীর পদ কে পাবেন বা কোনও জামায়াত নেতা নেতৃত্ব দিতে পারবেন কি-না তার একটি সুনির্দিষ্ট আইনি ও রাজনৈতিক প্রক্রিয়া রয়েছে। বাংলাদেশের সংবিধান অনুযায়ী, কেবল জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থনপুষ্ট ব্যক্তিই প্রধানমন্ত্রী হতে পারেন। বর্তমান প্রধানমন্ত্রীর মৃত্যু হলে তাৎক্ষণিকভাবে মন্ত্রীসভা ভেঙ্গে যায়। রাষ্ট্রপতি তখন সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের মধ্য থেকে একজনকে নতুন প্রধানমন্ত্রী হিসাবে নিয়োগ দেন। বর্তমান আইনি ও রাজনৈতিক এরপর ৪৩ পৃষ্ঠায়



## আইভীকে নিয়ে ব্যাপক কৌতূহল ও নজরদারি

আজকাল রিপোর্ট

দীর্ঘ এক বছর পর কারামুক্ত হয়ে নিজ বাসায় ফিরেছেন নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র ও কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত সংগঠন জেলা আওয়ামী লীগের সাবেক সিনিয়র সহ-সভাপতি ডা. সেলিনা হায়াৎ আইভী। বুধবার রাত সোয়া ১০টার দিকে কাশিমপুর কারাগার থেকে মুক্তি পান তিনি। রাত সাড়ে ১২টার দিকে নিজ শহর নারায়ণগঞ্জের দেওভোগ এলাকার নিজ বাসভবন 'চুনকা কুঠিরে' পৌঁছান। সেলিনা হায়াৎ আইভীর কারামুক্তির খবরে রাত ১১টা থেকে তার বাড়ির এরপর ৫২ পৃষ্ঠায়

## বাংলাদেশ বিজয়ের নায়ক ড. খলিলুর রহমান

আজকাল রিপোর্ট



জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ার পর এ অর্জনকে 'বাংলাদেশের এরপর ১৫ পৃষ্ঠায়

## বিজয়ের প্রত্যাশায় মোল্লা সানী

আজকাল রিপোর্ট

জামাইকার এসেমব্লি আসনে (এসেমব্লি ডিস্ট্রিক্ট ৩২) চর্তুমুখী লড়াইয়ে বাংলাদেশি প্রার্থীর বিজয়ের সম্ভাবনা উজ্জ্বল। আঞ্চলিক ও এথনিসিটি ভোট বিভাজনে বাংলাদেশি আমেরিকান প্রার্থী জে মোল্লাহ সানী শেষ হাসি হাসতে পারেন। মোট ৫ জন প্রার্থীর সবারই রাজনৈতিক ও সামাজিক ভিত্তি শক্তিশালী। ৭০ হাজার ভোটের এরপর ২৮ পৃষ্ঠায়



MOHAMMAD MOLLA | NATHANIEL HEZEKIAH | QUEEN JOHNSON | LATOYA LEGRAND | TUNISIA MORRISON




## খলিল বিরিয়ানির শেষ নোঙ্গরেরও বিদায়!

আজকাল রিপোর্ট

২০১৭ সালে নিজের নামে খলিল বিরিয়ানী রেস্টুরেন্ট চালু করেন শেফ খলিলুর রহমান, যা অল্প দিনের মধ্যেই কমিউনিটির মানুষের আস্থার নাম হয়ে উঠে। ২০২২ সালে কারি এওয়ার্ড লাভের পর ব্র্যান্ড হিসেবে গড়ে উঠে খলিল বিরিয়ানি। হাতে উঠে আরো এক হালি পদক। ধীরে ধীরে গড়ে উঠে খলিল ফুড কোর্ট, খলিল চাইনিজ, খলিল বিরিয়ানি জ্যামাইকা শাখা ও খলিল বিরিয়ানি জ্যাকসন হাইটস শাখা। স্বপ্ন ছিল নিউইয়র্কের গন্ডি পেরিয়ে অন্যান্য স্টেটেও খলিল বিরিয়ানি'র ফ্রাঞ্চাইজ খুলবে। তবে চার বছরের মধ্যেই এরপর ৫২ পৃষ্ঠায়

## 'হাদি' মন্তব্যে মমতার বিরুদ্ধে মামলা

আজকাল রিপোর্ট



বাংলাদেশের ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদি হত্যা প্রসঙ্গে পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী এরপর ৪৩ পৃষ্ঠায়

## বাংলাদেশ ল' সোসাইটি ভাঙ্গনের মুখোমুখি

আজকাল রিপোর্ট

বাংলাদেশ ল' সোসাইটি ভাঙ্গনের মুখোমুখি। চলছে অব্যাহতি ও অনাস্থার ঘটনা। পেশাধারীদের ঐতিহ্যবাহী এমন একটি সংগঠনের সোশাল মিডিয়ার গ্রুপে অশালীন ভাষা প্রয়োগ হচ্ছে প্রতিপক্ষের সদস্যদের বিরুদ্ধে। এতে উষ্মা প্রকাশ করছেন সিনিয়র আইনজীবিরা। অথচ কয়েকজন বিচারপতিও এই সংগঠনের সদস্য। ৩০৭ জন বাংলাদেশি আইনজীবি নিয়ে এরপর ৪৩ পৃষ্ঠায়

## 'নিউইয়র্ক মাথা নত করে না' মেয়র মামদানির হুশিয়ারি

আজকাল রিপোর্ট



অভিবাসন নীতি নিয়ে ট্রাম্প প্রশাসন ও নিউইয়র্ক সিটির মধ্যে উত্তেজনা আরও বাড়ছে। যুক্তরাষ্ট্রের এরপর ৪৩ পৃষ্ঠায়



























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR
ADULT DAYCARE

নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health





SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

FUHAD HUSSAIN
CCO

MOHAMMAD ZAHID ALAM
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

Design by: ihopeprint.com, 929-536-7903

CONTACT US:
Off: 718-516-3424 | FAX: 646-568-6474
newyorksadc.com | intake@ny-sadc.com
116-33 Queens Blvd, Forest Hills, NY 11375
86-11 101 Avenue, Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 05 June 2026, Issue 925, www.ajkalusa.com
PAGE 03


# বাংলাদেশে আবারও যুক্তরাষ্ট্র সরকারের শুল্ক আরোপ

আজকাল রিপোর্ট



বাংলাদেশ যদি যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানি করে তবে ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপের প্রস্তাব করেছে ট্রাম্প প্রশাসন। এই প্রস্তাবের কারণ হিসেবে দেখানো হয়েছে, পণ্য উৎপাদনে 'জোরপূর্বক শ্রম' ব্যবহার করা হয়ে থাকে। রপ্তানিকারকরা এ সিদ্ধান্তকে 'অপ্রত্যাশিত ও অগ্রহণযোগ্য' বলে মন্তব্য করছেন। একই সঙ্গে তারা আশঙ্কা প্রকাশ করে বলছেন, ট্রাম্প প্রশাসনের এ ধরনের প্রস্তাব দেশের প্রধান রপ্তানি খাতের ওপর নতুন চাপ সৃষ্টি করবে। তাদের দাবি বাংলাদেশের রপ্তানিমুখী শিল্পে কোনো ফোর্সড লেবার দিয়ে কাজ করানো হয় না।

জোরপূর্বক শ্রম (ফোর্সড লেবার) ইস্যুতে ২ জুন বাংলাদেশসহ অন্তত ৬০টি দেশের পণ্যের ওপর অতিরিক্ত ১০ থেকে ১২ দশমিক ৫ শতাংশ শুল্ক আরোপের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের এ প্রস্তাব অনুযায়ী, বাংলাদেশের পণ্যের ওপর ১০ শতাংশ অতিরিক্ত শুল্ক বসানোর আশংকা রয়েছে। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি দপ্তর (ইউএসটিআর) এসংক্রান্ত প্রস্তাব প্রকাশ করেছে।

ইউএসটিআরের তথ্য, তালিকাভুক্ত ৬০ দেশই জোরপূর্বক শ্রমে উৎপাদিত পণ্যের আমদানি রোধে বা এর ওপর নিষেধাজ্ঞা কার্যকরে যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে। এতে যুক্তরাষ্ট্রের বাণিজ্যের জন্য অযৌক্তিক বাধা তৈরি হচ্ছে এবং মার্কিন শ্রমিকদের জন্য অসম প্রতিযোগিতার পরিবেশ এরপর ৫৩ পৃষ্ঠায়



# লোকসঙ্গীত সম্রাট আব্দুল আলীমকে নিয়ে নিউইয়র্কে মহামিলন মেলা

মেহেদি হাসান

মৃত্যুর ৫২ বছর পর আমেরিকার নিউইয়র্কে বাংলার লোকসঙ্গীত সম্রাট আব্দুল আলীমকে ঘিরে বসেছিল এক মহামিলন মেলা। তাঁর স্মৃতিময় গানগুলো দর্শক শ্রোতাদের আবার জাগিয়ে তুলেছে। 'হলুদিয়া পাখি সোনালী বরণ' 'দুয়ারে আয়সাছে পালকি' 'পদ্মার ঢেউরে' 'মাঝি বাইয়া যাওরে' এমন হাজারো হৃদয় ছুঁয়া গানের মরমি শিল্পী আব্দুল আলীমকে নিয়ে নিউইয়র্কে আত্মপ্রকাশ ঘটেছে নতুন একটি সংগঠনের। বর্ণাঢ্য আয়োজনের মধ্যাদিয়ে 'আব্দুল আলীম স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র' নামে আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে গত ৩১ মে থেকে। জ্যামাইকার একটি পার্টি হলে আয়োজিত এই অনুষ্ঠানে শিল্পীর গান ও জীবনকর্ম বাংলাদেশী-আমেরিকান নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়ার বিস্তারিত ১৪ পৃষ্ঠায়

# নিউইয়র্ক গ্লোবাল শর্ট ফিল্ম ফেস্ট ৮ আগস্ট

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক ফিল্ম ফাউন্ডেশনের আয়োজনে আগামী ৮ আগস্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে নিউইয়র্ক গ্লোবাল শর্ট ফিল্ম ফেস্ট-২০২৬। প্রথমবারের মতো অনুষ্ঠেয় এ আয়োজনে প্রধান পার্টনার হিসেবে থাকছে ভায়াসপোরা ইউএসএ।

প্রথম সিজনে মোট ১১টি ক্যাটাগরিতে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র জমা নেয়া চলছে। এরই মধ্যে গত এক মাসে মধ্যেই পৃথিবীর বিভিন্ন দেশ থেকে ২৬৫টি চলচ্চিত্র জমা পড়েছে। আগামী ৫ জুলাই পর্যন্ত এই উৎসবে চলচ্চিত্র জমা দেয়া যাবে।

উৎসবের অন্যতম সহযোগী আন্তর্জাতিক প্লাটফর্ম ফিল্মফ্রিওয়ের মাধ্যমে চলচ্চিত্র জমা নেয়া হচ্ছে। এখন পর্যন্ত সবচেয়ে বেশি চলচ্চিত্র জমা পড়েছে যুক্তরাষ্ট্র থেকে। এ ছাড়া বাংলাদেশ, ভারত, এশিয়ার বিভিন্ন দেশ, মধ্যপ্রাচ্য, ইউরোপ, আফ্রিকা, উত্তর ও দক্ষিণ এরপর ১৫ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটি মেয়র মার্টি স্মল সিনিয়রের অভিষেক গালা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউজার্সির আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মল সিনিয়রের অভিষেক গালা অনুষ্ঠান গত ৩০ মে সিটির হার্ডরক ক্যাসিনো বলরুমে অনুষ্ঠিত হয়। সিটি কাউন্সিলের সদস্য, রাজনীতিক, ব্যবসায়ী, শিক্ষাবিদ, বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মেয়র মার্টি স্মল সিনিয়র তাঁর বক্তব্যে অনুষ্ঠানে আগতদের স্বাগত জানান এবং অভিষেক গালা আয়োজনে যারা সহযোগিতা করেছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান।

অভিষেক গালার এই আয়োজনে প্রয়োজনীয় ব্যয় বাদ দিয়ে অবশিষ্ট তহবিল সরাসরি স্থানীয় অলাভজনক সংস্থা ও কমিউনিটি সংগঠনগুলোকে দেওয়া হবে। এরপর ১৫ পৃষ্ঠায়



# নিউইয়র্কে 'ছোটদের বাংলা বইমেলা' অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বসবাস করা নতুন প্রজন্মের মাঝে বাংলা ভাষা ও সাহিত্যের আলো ছড়িয়ে দিতে নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছে চার লেখকের বই নিয়ে বিশেষ আয়োজন- '২য় নিউইয়র্ক ছোটদের বাংলা বইমেলা ২০২৬'।

গত ৩০ মে জ্যামাইকার ১৬৭-১৬ হিলসাইড এভিনিউয়ের 'শাহী কিচেন' মিলনায়তনে বিকেল ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত এই মেলা চলে।

মেলা প্রাঙ্গণকে মুখরিত রাখতে বই প্রদর্শনী ও বিক্রির পাশাপাশি ছিল লেখক-পাঠক আড্ডা, মনোগ্রাহী গল্প বলা (স্টোরি টেলিং), ছড়া- এরপর ৫৩ পৃষ্ঠায়



# যুবদলের কেন্দ্রীয় কমিটিতে আবু সাঈদ আহমেদ

আজকাল রিপোর্ট

বাংলাদেশ যুবদলের কেন্দ্রীয় কমিটির ১৫১ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়েছে। ঘোষিত কমিটিতে সহসভাপতি হিসেবে আবু সাঈদ আহমেদ মনোনিত হয়েছেন। সভাপতি হয়েছেন আবদুল মোনায়েম মোল্লা। সাধারণ সম্পাদক হয়েছেন নুরুল ইসলাম নয়ন। রিজভি আহমেদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। আবু সাঈদ আহমেদ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাস করেন।




# 'লেখকের অঙ্গন'র ২৫ তম আসর

আজকাল রিপোর্ট

দেশ থেকে হাজার মাইল দূরে প্রবাসে বাংলা সাহিত্য ও সংস্কৃতির চর্চার নিয়মিত আয়োজন লেখকের অঙ্গন'র ২৫ তম গ্রন্থালোচনা গত ৩০ মে কুইন্স পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব নীরা কাদরী।

অনুষ্ঠানের শুরুতেই আমেরিকার জনপ্রিয় শিশু সাহিত্যিক ক্যারেন হেসে'র নিউবেরী পদক বিজয়ী কাব্য উপন্যাস 'আউট অফ দ্যা ডাস্ট' বইটি নিয়ে আলোচনা করেন দিমা নেফারতিতি। আমেরিকায় ১৯৩০ এরপর ৫৩ পৃষ্ঠায়


GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
JACKSON HEIGHTS OFFICE
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।
• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.
আমরা ৭ দিন খোলা
We are open 7 days
Call: 718-263-5999
• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ
আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Asif Mortuza

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903



**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# বাংলাদেশের উন্মেষ-ইতিহাসের অন্যতম সারথীর প্রস্থান

## বিদায় তোফায়েল আহমেদ

৮২ বছরের পথ চলায় তিনি যা অর্জন করেছেন, তা বিশাল মহিরুহসম। ১৯৬৯-এর ২৩ ফেব্রুয়ারির রেসকোর্স ময়দানের সেই বিকাল, লাখো কণ্ঠের 'বঙ্গবন্ধু' ধ্বনি- সেই ছবির কেন্দ্রবিন্দুতে দাঁড়ানো তরুণটি চিরতরে মিশে গেলেন মহাকালে। কিন্তু তার কাজ, আদর্শ, সংগ্রাম বাঙালিকে চিরদিন অনুপ্রাণিত করবে। রাজনীতির উত্থান-পতন, পাওয়া-না পাওয়ার হিসেবের উর্ধ্বে উঠে তোফায়েল আহমেদ নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন একজন ইতিহাস-পুরুষ হিসেবে। বর্ণাঢ্য কর্মময় জীবনের সমাপ্তি ঘটল। ওপারে ভালো থাকবেন তোফায়েল ভাই। আপনার হাতে ঘোষিত 'বঙ্গবন্ধু' নামটি যতদিন বাংলা ভাষা, বাংলাদেশ এবং বাঙালি টিকে থাকবে, ততদিন অম্লান থাকবে। আর আপনার নামটিও জড়িয়ে থাকবে সেই ইতিহাসের প্রতিটি পরতে পরতে। ইতিহাসের মহানায়ক, বিদায়


**শিমুল সালাহ্উদ্দিন**



দীর্ঘদিন ধরে শয্যাশায়ী ছিলেন, অসুস্থতার সঙ্গে লড়াই করছিলেন, বয়স হয়েছে, শরীর ভেঙে পড়ছিল বারবার। একাধিকবার মৃত্যুর গুজবও ছড়িয়ে পড়েছিল। সত্যি বলতে, মনের গভীরে যেন একরকম প্রস্তুত হয়েই ছিলাম। তবুও আজ যখন আনুষ্ঠানিকভাবে তোফায়েল আহমেদের চলে যাওয়ার খবরটি শুনলাম, বুকটা কেমন যেন 'খালি খালি' হয়ে গেল। আমাদের রাজনৈতিক ইতিহাসের এক জীবন্ত অধ্যায় আজ চিরতরে 'নাই' বা 'প্রয়াত' হয়ে গেল। অবসান হলো ৮২ বছরের এক বর্ণাঢ্য জীবনের।

সোমবার (১ জুন) বিকালে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন সাবেক মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের বর্ষীয়ান এই নেতা। বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন তিনি। মৃত্যুকালে পাশে ছিলেন একমাত্র কন্যা ডা. তাসলিমা আহমেদ জামান মুন্নী ও ঘনিষ্ঠ স্বজনেরা। স্ত্রী আনোয়ারা বেগমকে রেখে গেছেন অনেক আগেই। আজ বাবা-মা'র কাছে ফিরে গেলেন ছেলেটি, যে একদিন বাঙালির ইতিহাসের মোড় ঘুরিয়ে দিয়েছিল।

তোফায়েল আহমেদের জন্ম ১৯৪৩ সালের ২২ অক্টোবর, ভোলা সদর উপজেলার দক্ষিণ দিঘলদী ইউনিয়নের কোরালিয়া গ্রামে। বাবা মৌলভী আজহার আলী, মা ফাতেমা বেগম। দ্বীপ জেলা ভোলার ছেলে। বর্ষা-বাদলের জলকাদা পেরিয়ে, ইলিশের পেটে সোনা খোঁজা সেই গ্রাম থেকে উঠে আসা এক তরুণ একদিন ঠায় দাঁড়িয়ে পড়লেন ইতিহাসের কেন্দ্রবিন্দুতে। ছাত্র-জীবনেই তার মধ্যে রাজনীতির আলোড়ন দেখা গিয়েছিল। ১৯৬০ সালে ভোলা সরকারি হাই স্কুল থেকে মাধ্যমিক, ১৯৬২ সালে বরিশাল ব্রজমোহন কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পেষে ঢাকায় পাড়ি জমান। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি ডিগ্রি অর্জন করেন ১৯৬৪ সালে, পরবর্তী সময়ে মৃত্তিকাবিজ্ঞানে এমএসসি সম্পন্ন করেন। কিন্তু মাটি পরীক্ষার চেয়ে মানুষের মাটির টানই যেন তাকে বেশি টেনেছিল। সেই টানেই জড়িয়ে পড়েন ছাত্রলীগের রাজনীতিতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে থাকাকালীন ১৯৬৬-৬৭ মেয়াদে ইকবাল হলের (বর্তমানে শহীদ সার্জেন্ট জহুরুল হক হল) নির্বাচিত সহসভাপতি (ভিপি) ছিলেন। এরপর ১৯৬৮-৬৯ মেয়াদে ডাকসুর ভিপি নির্বাচিত হন। ঠিক সেই সময়েই বাঙালির ইতিহাস বাঁক নিচ্ছিল এক ভয়াবহ ঝড়ের দিকে।



তোফায়েল আহমেদের নাম ঊনসত্তরের গণঅভ্যুত্থানের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িয়ে আছে। ১৯৬৯ সালের ৪ জানুয়ারি তিনি ডাকসুর ভিপি হিসেবে নিজের সভাপতিত্বে এবং সতীর্থ ছাত্র সংগঠনের নেতাদের উপস্থিতিতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গঠন করে ১১ দফা কর্মসূচি ঘোষণা করেন।

১৭ জানুয়ারি থেকে শুরু হয় প্রত্যক্ষ আন্দোলন। ২০ জানুয়ারি শহীদ আসাদের রক্তাক্ত জামা হাতে নিয়ে শপথ গ্রহণ করে ছাত্রসমাজ। ২৪ জানুয়ারি মতিউর, মকবুল, রুস্তম, আলমগীরের রক্তে রাজপথ রঞ্জিত হয়। ১৫ ফেব্রুয়ারি সার্জেন্ট জহুরুল হক, ১৮ ফেব্রুয়ারি ড. শামসুজ্জোহা পাকিস্তানি নিরাপত্তা বাহিনীর বুলেটে শহীদ হন। বাংলার মানুষ বিক্ষোভে ফেটে পড়ে। আর এই পুরো সময়টাতেই সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক হিসেবে আন্দোলনের নেতৃত্ব দিচ্ছিলেন তোফায়েল আহমেদ।

ইতিহাস বলে, তার ডাকে সেদিন রাজপথ উত্তাল হয়েছিল। আইয়ুব খানের সামরিক শাসনের ভিত কেঁপে গিয়েছিল। অবশেষে সেই গণঅভ্যুত্থানের মুখে ২২ ফেব্রুয়ারি পাকিস্তান সরকার বাধ্য হয় আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি শেখ মুজিবুর রহমানসহ সবাইকে মুক্তি দিতে।

এরপরের গল্পটা তো বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক কিংবদন্তি। ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯। ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) লাখো জনতার এক সভার আয়োজন করে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ। বাঙালির অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমানের সম্মানে। সেদিনের সেই জনসমুদ্র যারা দেখেননি, তাদের বলে বোঝানো যাবে না। উপচে পড়া মানুষ, কানায় কানায় পূর্ণ রেসকোর্স।

ছাত্র সংগ্রাম পরিষদের নেতা আবদুর রউফ, খালেদ মোহাম্মদ আলী, শামসুদ্দোহা, সাইফুদ্দিন আহমেদ মানিক, জামাল হায়দার, মাহবুবউল্লাহ, ফখরুল ইসলাম মুন্সি, ইব্রাহিম খলিল, নাজিম কামরান চৌধুরী- সবাই উপস্থিত। সভাপতিত্ব করছিলেন তোফায়েল আহমেদ। কিন্তু শেখ মুজিবের ভাষণের আগেই তাকে কথা বলতে হয়।

ছাত্রনেতারা আগেই ঠিক করেছিলেন, শেখ মুজিবকে একটি বিশেষ উপাধি দেওয়া হবে। 'বঙ্গবন্ধু' নামে একটি কবিতার কথা মনে পড়ে তাদের। সেই উপাধিটিই বেছে নিলেন তারা। তারপর মঞ্চে দাঁড়িয়ে তোফায়েল আহমেদ ঘোষণা করলেন সেই ঐতিহাসিক বাক্যগুলো- 'আমি ঘোষণা করলাম, বাঙালির শ্রেষ্ঠ সন্তান, হাজার বছরের মহাপুরুষ, নিপীড়িত লাঞ্ছিত, প্রবঞ্চিত বাঙালির নেতা শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করলাম। আজ থেকে তিনি আমাদের বঙ্গবন্ধু শেখ

এরপর ২৪ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

**Toll Free: 1-866-MOIN-LAW**
**Cell: 917-282-9256**
(To schedule appointment only)



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)






**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**



Attorney
Michigan Only.




Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# আফসোস ও প্রত্যাশা!

> পাকিস্তানে কোন কম্যুনিষ্ট নেই, নেই বাম আন্দোলন। চীনে কোন ইসলামিষ্ট নেই, নেই কোন ইসলামিক জঙ্গী তৎপরতা। কারণ কি? কারণ হচ্ছে, 'মাইরের ওপর ওষুধ নেই'। বাংলাদেশে সামাজিক সম্প্রীতি বলতে কিছু নেই, আছে শুধু বৈষম্য আর বৈষম্য। চরম ধর্মীয় বিভেদ থাকা সত্বেও এগুলো কোন ইস্যাই নয়? কারণ হচ্ছে, দেশটা কট্টর সাম্প্রদায়িক, সমাজটা সাম্প্রদায়িক বিববাষ্পে ভরপুর। অন্যদিকে ভারতে আপনি কম্যুনিষ্ট পাবেন, বাম আন্দোলন পাবেন; ইসলামিষ্ট পাবেন, পাকিস্তানপন্থী সন্ত্রাসী পাবেন, ভারত ভাঙ্গার কথাবার্তা শুনবেন। সামাজিক মৈত্রীআছে- বৈষম্যও আছে; সাম্প্রদায়িকতা আছে- ব্যাপক অসাম্প্রদায়িকতা গোষ্ঠী ও চেতনা আছে!! একদল মুসলমানের বিপক্ষে আছে, বিশাল একটি জনগোষ্ঠী মুসলমানের পক্ষে দাঁড়িয়ে কথা বলে। অথচ ভারত ভালো না। বাঁশ দিলেও পাকিস্তান ভাল, চীন ভালো

## সিতাংশু গুহ



কুরবানী ২০২৬, বাংলাদেশ। ঢাকার বড়বড় মিডিয়া জানাচ্ছে এবার কমবেশি ১কোটি পশু কোরবানী হয়েছে। অর্থাৎ প্রতি ১৭জনের জন্যে ১টি পশু। এবার ঈদুল-আদহা'র মাহাত্ম্য হচ্ছে ট্রাম্পের নামে একটি মহিষ কোরবানী হবার কথা ছিলো। শেষপর্যন্ত সেটি হয়নি, স্বরাষ্ট্রমন্ত্রী মহিষটি কিনে নিয়ে চিড়িয়াখানায় দিয়েছেন, জানা যায়, এর নুতন নাম হয়েছে 'সাদা মহিষ'। গুজব রয়েছে, মার্কিন দূতাবাসের ইচ্ছায় ট্রাম্প নামের মহিষটি বেঁচে গেছে। এনিয়ে আমেরিকায় বড়বড় মিডিয়ায় নিউজ হয়েছে। ঘটনা কি এখানেই শেষ হলো নাকি এর জের আরো টানতে হবে, কেউ জানেনা। এর কি আদৌ কোন প্রয়োজন ছিলো? আমেরিকা এটিকে 'জোকস' হিসাবে নিলে ভালো! শুধু ট্রাম্প কেন মোদী, নেতনাহু, পুটিন এবং এমনকি শুভেন্দু অধিকারীর নামেও গরু মার্কেটে এসেছে। মহিষ ট্রাম্প এসে পড়ায় বাকিদের নিয়ে তেমন হৈচৈ হয়নি। রাজনৈতিক বিবেচনায় শুভেন্দু'র উন্নতি হয়েছে, একটি রাজ্যের মুখ্যমন্ত্রী হয়েও তিনি বিশ্বের বড়বড় নেতাদের সাথে নিজের নাম যুক্ত করতে সক্ষম হয়েছেন। কারণ সবাই জানে, বলেনা। চীনের শী জিং পিন-র নামে কোন গরুর নাম দেখা যায়নি। কারণ চীন হচ্ছে আমেরিকা ও ভারতের শত্রু, সুতারং বাংলাদেশের বন্ধু? মমতা কি বাংলায় মোঘল সম্রাজ্য কায়েম করেছিলেন?

বলা হয়, মমতার গুণ্ডাবাহিনীর ৯০% ছিলো মুসলমান, মমতা এদের তোয়াজ করতো। মুর্শিদাবাদের হুমায়ুন কবির, সন্দেশখালীর শাহজাহান শেখ, ফলতার জাহাঙ্গীর ও জলঙ্গীর বাবর -এরাই সবাই ছিলেন মমতা ব্যানার্জীর গুন্ডা। হুমায়ুন কবির অবশ্য নির্বাচনের ঠিক আগখান দিয়ে তৃণমূল কংগ্রেস থেকে সরে পড়েছেন, বা তাকে বহিস্কার করা হয়েছে। পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেসের ভরাডুবি ও বিজেপি'র বিজয়ের পরে ঐসব গুন্ডাদের পতন হয়েছে। এ যেন মোঘল সাম্রাজ্যের পতন! মমতা কি বাংলায় মোঘল সাম্রাজ্য কায়েম করেছিলেন?

'কালে কালে আরো কত কি দেখিব'



> শেখ হাসিনা'র আগমন দেখলাম। এরশাদ বিরোধী আন্দোলন দেখলাম। এরশাদের পতন দেখলাম। খালেদা জিয়ার উত্থান দেখলাম। পতন দেখলাম। তত্বাবধায়ক সরকার দেখলাম, এর বিলুপ্তি দেখলাম। নির্বাচন ব্যবস্থা ধ্বংস দেখলাম। বিচার বিভাগ, মিডিয়া, শিক্ষা ব্যবস্থার ধ্বংস দেখলাম। শেখ হাসিনা'র শাসন দেখলাম, ক্ষমতাচ্যুতি দেখলাম। জুলাই ষড়যন্ত্র ও মব ভায়োলেন্স দেখলাম। জামাতের গর্তে থেকে বেরিয়ে এসে ক্ষমতার কাছাকাছি চলে আসা দেখলাম। বিশ্ব-বাটপার ইউনূসের দেশ-বিক্রী দেখলাম। এখন দেখছি তারেক জিয়ার উত্থান। এক জীবনে আর কি চাই? আপাততঃ দু'টি জিনিষ দেখার অপেক্ষা (১) জুলাই জঙ্গীদের শেষ পরিণতি (২) শেখ হাসিনা'র পুনঃ-প্রত্যাবর্তন

বাংলাদেশে জন্ম নিয়ে এ জীবনে কত কিছু দেখলাম। পাকিস্তান ভাঙ্গা দেখলাম। স্বাধীন বাংলাদেশ দেখলাম। বঙ্গবন্ধুকে দেখলাম, তাঁর দেশে ফিরে আসা দেখলাম, তার শাসনামল দেখলাম, তাঁর মৃত্যু দেখলাম। চট্টগ্রাম সার্কিট হাউসে মেজর জিয়ার নির্মম হত্যাকান্ড দেখলাম। সাত্তারকে দেখলাম, বিনা রক্তপাতে এরশাদের ক্ষমতা গ্রহণ দেখলাম। নূর হোসেনের 'স্বৈরাচার নিপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক' লেখার কারণে পুলিশের গুলীতে হত্যা দেখলাম। শেখ হাসিনা'র আগমন দেখলাম। এরশাদ বিরোধী আন্দোলন দেখলাম। এরশাদের পতন দেখলাম। খালেদা জিয়ার উত্থান দেখলাম। পতন দেখলাম।

এরপর ২৭ পৃষ্ঠায়

# শৈশবের বর্ষা

## মাসুদ রানা

আষাঢ় মাস এলেই গ্রামের আকাশ যেন বদলে যেত। সকাল থেকে কালো মেঘ জমে থাকত, দূরে কোথাও বজ্রের গর্জন শোনা যেত। একটু পরেই শুরু হতো ঝুম বৃষ্টি। দিনের পর দিন, রাতের পর রাত শুধু বৃষ্টি আর বৃষ্টি। টিনের চালের উপর বৃষ্টির টুপটাপ শব্দ শুনতে শুনতে মনে হতো প্রকৃতি যেন নিজেই গান গাইছে। চারপাশে পানি জমে যেত, পুকুর-ঘাট উপচে পড়ত, ধানের মাঠ তলিয়ে যেত, নদী-নালা ভরে উঠত। পুরো গ্রাম যেন পানির রাজ্যে পরিণত হতো। বর্ষা এলেই আমাদের শৈশব ফিরে আসত নতুন রূপে।


ছোটবেলায় বর্ষা ছিল আনন্দের আরেক নাম। তখন মোবাইল ছিল না, ইন্টারনেট ছিল না, কিন্তু আনন্দের কোনো অভাবও ছিল না। বর্ষা নামলেই গ্রামের সব বন্ধু একসাথে হয়ে যেতাম। গ্রামের কাঁচা রাস্তায় হাঁটু পানি উঠত। সেই পানিতে হপহপ করে হাঁটতাম, দৌড়াতাম, হাসতাম। কারো শরীরে কাদা লাগলে সবাই মিলে আরও কাদা ছুড়ে দিতাম। মা দূর থেকে চিৎকার করে বলতেন, "এই, আর কত ভিজবি?" কিন্তু সেই ডাক কে শুনত! বৃষ্টির পানির সাথে খেলাই ছিল আমাদের সবচেয়ে বড় সুখ।

বর্ষা এলেই গ্রামের চারপাশে মাছের সমারোহ দেখা যেত। ছোট ছোট খাল, ডোবা, ধানের জমি-সব জায়গায় দেশি মাছ ভেসে উঠত। টেংরা, কৈ, শিং, মাগুর, পুঁটি, খলসে-কত রকম মাছ! আমরা সবাই মাছ ধরার জন্য ব্যস্ত হয়ে যেতাম। কেউ বরশি নিয়ে বসত, কেউ জাল নিয়ে নামত পানিতে, আবার কেউ খ্যাপলা জাল নিয়ে ছোটাছুটি করত। সন্ধ্যা নামলেই গাড়িটার বা হ্যাজাক লাইট জ্বালিয়ে মাছ ধরতে বের হতাম। পানির উপর আলো পড়লে মাছগুলো চকচক করত। সেই দৃশ্য আজও চোখে ভাসে।

রাতের মাছ ধরার আনন্দ ছিল একেবারে আলাদা। কাদা মাখা পথ পেরিয়ে, হাঁটু পানি ভেঙে আমরা দূরের মাঠে চলে যেতাম। কোথাও কোথাও কোমর পানি থাকত। তবুও ভয় লাগত না। হাতে হ্যাজাক লাইট, কারো হাতে জাল, কারো হাতে বালতি। সবাই মিলে যেন এক উৎসব। একটা বড় মাছ ধরা পড়লেই সবাই চিৎকার করে উঠতাম আনন্দে। বাড়ি ফিরে মাছ দেখিয়ে গর্ব করতাম। মা হয়তো বকতেন, "এত রাতে পানিতে থাকিস কেন?" কিন্তু সেই বকুনির মাঝেও ছিল ভালোবাসা।

বর্ষা মানেই ছিল গোসলের উৎসব। সকাল, দুপুর, বিকাল-কতবার যে গোসল করতাম তার হিসাব নেই। পুকুরে ঝাঁপ দিয়ে পড়া, গাছের ডাল থেকে পানিতে লাফ দেওয়া, একে অপরকে পানিতে ডুবিয়ে হাসাহাসি করা-এসব ছিল নিত্যদিনের ঘটনা। বড় বড় পুকুরের পাশে গাছ ছিল আমাদের খেলার জায়গা। কে কত উঁচু থেকে লাফ দিতে পারে, সেটা নিয়ে চলত প্রতিযোগিতা। তয়ে মায়েরা অনেক সময় পুকুরপাড়ে এসে দাঁড়িয়ে থাকতেন। কিন্তু আমাদের দুষ্টুমি থামত না।

বর্ষার সময় ফুটবল খেলাও ছিল অন্যরকম মজা। গ্রামের কোনো খালি মাঠে একটু পানি জমলেই আমরা ফুটবল নিয়ে নেমে যেতাম। কাদা মাখা মাঠে পড়ে যাওয়া, পিছলে যাওয়া, আবার উঠে দৌড়ানো-এসব যেন আনন্দকে আরও বাড়িয়ে দিত। খেলা শেষে সবাইকে দেখে মনে হতো কাদার মানুষ। কিন্তু সেই হাসিগুলো ছিল একদম নির্মল।



আমাদের গ্রামের ছেলেদের আরেকটি বড় আনন্দ ছিল কলাগাছের ভেলা বানানো। বর্ষার পানিতে কলাগাছ কেটে দড়ি দিয়ে বেঁধে ছোট্ট ভেলা বানাতাম। তারপর সেই ভেলায় চড়ে এদিক-সেদিক ঘুরে বেড়াতাম। কারো ভেলা উল্টে গেলে সবাই হেসে গড়াগড়ি খেতাম। কখনো ছোট টিনের নৌকা বানিয়ে পানিতে ভাসাতাম। ছোট ছোট সেই নৌকাগুলো বৃষ্টির পানিতে ভেসে যেত দূরে। মনে হতো যেন আমাদের স্বপ্নগুলোও সেই নৌকার সাথে ভেসে চলেছে।

বর্ষা এলেই শাপলা তোলার ধুম পড়ে যেত। বিলের মধ্যে সাদা আর লাল শাপলা ফুটে থাকত। আমরা দল বেঁধে পানিতে নেমে শাপলা তুলতাম। কেউ মাথায় শাপলার মালা পরত, কেউ হাতে নিয়ে খেলত। গ্রামের মেয়েরাও শাপলা নিয়ে কত খেলাধুলা করত। শাপলার সেই সৌন্দর্য আজও মনে দাগ কেটে আছে।

বর্ষা শুধু আনন্দই নিয়ে আসত না, গ্রামের মানুষের জীবিকার সাথেও জড়িয়ে ছিল। একদল মানুষ শামুক কুড়াতে ব্যস্ত থাকত। বড় বড় বস্তায় শামুক ভরে বিক্রি করত। কেউ পাট ধোয়ার কাজে নামত। কৃষকরা সারাদিন পানিতে দাঁড়িয়ে পাট ধুতেন। তাদের কষ্টের মাঝেও ছিল এক ধরনের শান্তি। কারণ এই বর্ষাই তাদের জীবনের আশা।

বর্ষার দিনে গ্রামের দৃশ্য ছিল অপূর্ব। দূরে সবুজ ধানের ক্ষেত, তার উপর ঝিরিঝিরি বৃষ্টি, মাঝেমধ্যে কুয়াশার মতো সাদা পর্দা। নদীর পানি ফুলে উঠত। নৌকায় করে মানুষ এক গ্রাম থেকে আরেক গ্রামে যেত। নৌকার বৈঠার শব্দ শুনলে মনটা কেমন শান্ত হয়ে যেত। সন্ধ্যা হলে দূরে কোথাও হ্যাজাক লাইটের আলো জ্বলত। সেই আলো দেখে মনে হতো পুরো গ্রাম যেন এক রহস্যময় সৌন্দর্যে ভরে গেছে।

তখনকার দিনে জীবন ছিল সহজ, কিন্তু আনন্দ ছিল গভীর। এখনকার মতো এত ব্যস্ততা ছিল না। সবাই একসাথে সময় কাটাত। বর্ষা এলেই বন্ধুরা একত্র হতো। কেউ ডাকলেই সবাই ছুটে আসত। আজ সেই বন্ধুরা অনেকেই দূরে চলে গেছে। কেউ শহরে, কেউ প্রবাসে। কিন্তু বর্ষা এলেই তাদের কথা খুব মনে পড়ে। মনে হয়, "বন্ধুরা তোমরা কই?"

এখনও যখন বৃষ্টি নামে, টিনের

এরপর ২৮ পৃষ্ঠায়



> বর্ষা আমাদের শুধু ভিজিয়ে দিত না, আমাদের মনকেও ভরে দিত ভালোবাসা আর সুখে। আজ আমরা বড় হয়ে গেছি। জীবনের ব্যস্ততা আমাদের ঘিরে রেখেছে। তবুও আষাঢ়ের মেঘ দেখলেই মনটা কেমন উদাস হয়ে যায়। মনে হয় আবার যদি সেই ছোটবেলায় ফিরে যেতে পারতাম! আবার যদি বন্ধুদের সাথে কাদা মাখা মাঠে ফুটবল খেলতে পারতাম, আবার যদি রাতভর মাছ ধরতে যেতে পারতাম, আবার যদি কলাগাছের ভেলায় চড়ে গ্রামের পানিতে ঘুরে বেড়াতে পারতাম! বর্ষা আজও আসে, বৃষ্টি আজও নামে, নদী আজও ভরে যায়। কিন্তু সেই শৈশব আর ফিরে আসে না। শুধু স্মৃতিগুলো মনের ভেতর বৃষ্টির মতো ঝরে পড়ে। সেই স্মৃতিগুলোই আমাদের বাঁচিয়ে রাখে, মনে করিয়ে দেয়-একটা সময় ছিল, যখন ছোট ছোট আনন্দেই জীবন ভরে উঠত


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# ভূরাজনীতির চক্করে বাংলাদেশ

এম এ আজিজ

প্রথম বিশ্বযুদ্ধের পর থেকে যুক্তরাষ্ট্র দৃশ্যত গণতান্ত্রিক বিশ্বকে পৃষ্ঠপোষকতা দিত বলে ধারণা করা হয় এবং রাশিয়া ও চীন সমাজতান্ত্রিক বিশ্বের পক্ষে অবস্থান নিত।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট উড্রো উইলসন ১৯১৭ সালে যখন প্রথম বিশ্বযুদ্ধে জড়ান, তখন তিনি কংগ্রেসে দেওয়া ভাষণে বলেছিলেন, 'পৃথিবীকে গণতন্ত্রের জন্য নিরাপদ করে তুলতে হবে।' তার এ আদর্শ অনুযায়ী, স্বৈরতন্ত্রের পতন ঘটিয়ে বিশ্বের ছোট-বড় সব জাতিকে নিজেদের সরকার ব্যবস্থা বেছে নেওয়ার সুযোগ দেওয়া যুক্তরাষ্ট্রের প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায়। তবে বাস্তব ক্ষেত্রে, আদর্শগতভাবে গণতন্ত্রের পক্ষে কথা বলার পাশাপাশি যুক্তরাষ্ট্র সবসময় তাদের নিজেদের ভূরাজনৈতিক, অর্থনৈতিক ও কৌশলগত স্বার্থকেই অগ্রাধিকার দিয়েছে।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির এ দ্বিচারিতা ও ইতিহাসের উল্লেখযোগ্য দিকগুলো হচ্ছে, প্রথম বিশ্বযুদ্ধের সময় প্রেসিডেন্ট উড্রো উইলসনের হাত ধরে বিশ্বে গণতন্ত্র প্রসারের নীতি শুরু হয়। কিন্তু বাস্তবে কৌশলগত প্রয়োজনে যুক্তরাষ্ট্র অনেক অগণতান্ত্রিক ও স্বৈরশাসককেও সমর্থন জুগিয়েছে। স্নায়ুযুদ্ধের পুরো সময়জুড়ে যুক্তরাষ্ট্রের প্রধান লক্ষ্য ছিল সোভিয়েত ইউনিয়নের প্রভাব বিস্তার রোধ করা। এ উদ্দেশ্যে তারা লাতিন আমেরিকা, এশিয়া ও মধ্যপ্রাচ্যের অনেক একনায়কতান্ত্রিক ও সামরিক সরকারকে সমর্থন দিয়েছে।

১৯৭০-এর দশকের মাঝামাঝি সময় থেকে কংগ্রেসের চাপে মার্কিন পররাষ্ট্রনীতিতে মানবাধিকার ও গণতন্ত্রকে কিছুটা বেশি গুরুত্ব দেওয়া শুরু হয়। স্টেট ডিপার্টমেন্টের আনুষ্ঠানিক নীতিতে গণতন্ত্র ও মানবাধিকার সুরক্ষাকে অন্যতম প্রধান লক্ষ্য বলা হলেও, বাস্তব ক্ষেত্রে তারা বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে কূটনীতি ও জাতীয় নিরাপত্তাকেই বেশি প্রাধান্য দিত।

যুক্তরাষ্ট্রসহ যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য। প্রায়ই আন্তর্জাতিক যুদ্ধ, সংঘাত বা মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় কোনো স্থায়ী সদস্য নিজের বা মিত্র দেশের স্বার্থ রক্ষায় ভেটো (veto) প্রয়োগ করে থাকে। এর ফলে সংকট নিরসনে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ বৃহৎ শক্তিগুলোর মধ্যকার রাজনৈতিক দ্বন্দ্বের কারণে গুরুত্বপূর্ণ বৈশ্বিক সংকট বা যুদ্ধাবস্থায় নিরাপত্তা পরিষদ কোনো কার্যকর পদক্ষেপ নিতে পারে না। এ জন্যই এ পাঁচটি রাষ্ট্র পরাশক্তি হিসেবে পরিচিত। অবশ্য নিরাপত্তা পরিষদের আলোচ্যসূচি নির্ধারণের পদ্ধতিগত বা প্রশাসনিক সিদ্ধান্তের ক্ষেত্রে স্থায়ী সদস্যরা ভেটো দিতে পারে না। যাই হোক, সেই রাষ্ট্রকে পরাশক্তি বলা হয়, যে রাষ্ট্র অত্যন্ত শক্তিশালী ও প্রভাবশালী, যা তার অসামান্য সামরিক শক্তি, অর্থনৈতিক আধিপত্য এবং রাজনৈতিক প্রভাবের মাধ্যমে সমগ্র বিশ্বে বা আন্তর্জাতিক পরিমণ্ডলে যে কোনো সিদ্ধান্ত গ্রহণ ও পরিস্থিতি নিয়ন্ত্রণে একচ্ছত্র বা নেতৃস্থানীয় ভূমিকা পালন করতে সক্ষম।

বিশ্বের সার্বভৌম ১৯৫টি দেশের মধ্যে প্রায় ১৬০টির বেশি দেশে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়।



যুক্তরাষ্ট্র অন্তত ১৬০টি দেশ, যার মধ্যে বাংলাদেশও আছে, কিন্তু যুক্তরাষ্ট্র বাংলাদেশকে পৃষ্ঠপোষকতা দেওয়ার পরিবর্তে দেশটি তার বলয়ে টানতে বেশি আগ্রহী। এর কারণ, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের বড় ধরনের বাণিজ্য, বিনিয়োগ এবং প্রবাসী আয়সহ অনেক ধরনের সম্পর্কের পাশাপাশি 'নিরাপত্তা সহযোগিতা' আছে, যা মার্কিন জাতীয় স্বার্থের সঙ্গে সংশ্লিষ্ট। এ ছাড়া যুক্তরাষ্ট্রের অধিকাংশ মিত্র রাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের নানা ধরনের সম্পর্ক রয়েছে।

দ্বিতীয়ত, ইন্দো-প্যাসিফিক অঞ্চলকে ঘিরে ভূরাজনীতি। প্রধানত এ জন্যই যুক্তরাষ্ট্র নানাভাবে বাংলাদেশকে চাপে রেখে চীনের বলয়ের বাইরে রাখতে চায়। এটাই বাংলাদেশের ওপর চীনের অর্থনৈতিক এবং সামরিক প্রভাব ঠেকানোর যুক্তরাষ্ট্রের মূল কৌশল। যুক্তরাষ্ট্রের ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি (কৌশল) হলো এ অঞ্চলে চীনের ক্রমবর্ধমান সামরিক ও অর্থনৈতিক আধিপত্য প্রতিহত করা। অন্যদিকে, চীনও যুক্তরাষ্ট্র ও ভারতের সঙ্গে তার সম্পর্কের টানাপোড়েনের জন্য ভৌগোলিক অবস্থানের কারণেই বাংলাদেশকে পাশে পেতে চায়।

২০২১ সালে যুক্তরাষ্ট্র ইন্দো-প্যাসিফিক স্ট্র্যাটেজি ঘোষণা করে, সেখানে দেখানো হয়েছে, ইন্দো-প্যাসিফিক অঞ্চলের ভূমি বিশ্বের ২৫ শতাংশ ও সমুদ্র ৬৫ শতাংশ। এ অঞ্চলের দেশগুলোর জনসংখ্যা বিশ্বের জনসংখ্যার অর্ধেকের বেশি, যার ৫৮ শতাংশই তরুণ। অর্থনৈতিক প্রবৃদ্ধি বৈশ্বিক অর্থনীতির দুই-তৃতীয়াংশ, জিডিপি ৬০ শতাংশ ও ভোক্তা ৬০ শতাংশ। এই ইন্দো-প্যাসিফিক অঞ্চলে চীন, ভারত, পাকিস্তান, জাপান, কোরিয়াসহ এক ডজনের বেশি উন্নত ও উন্নয়নশীল দেশ আছে। যুক্তরাষ্ট্র মনে করে, সব মিলিয়ে এ অঞ্চল হয়ে উঠছে বৈশ্বিক রাজনীতির ভরকেন্দ্র এবং আগ্রহের কারণ।

যুক্তরাষ্ট্রের সঙ্গে চতুর্থ চুক্তি: এদিকে চুক্তির হিড়িক দেখা যেতে পারে বলে ধারণা করা হচ্ছে। চুক্তি হচ্ছে, মার্কিন যুদ্ধজাহাজ ও সামরিক বিমানগুলো বাংলাদেশের বন্দর ও বিমানঘাঁটি ব্যবহার করতে পারবে। যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের প্রতিরক্ষা চুক্তি (যেমন: আকসা-ACSA) চূড়ান্ত হওয়ার পর্যায়ে রয়েছে। এর আগে বাংলাদেশ সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তির মধ্যে থাকা তিনটি চুক্তি স্বাক্ষর করেছে।

যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে এরপর ২৪ পৃষ্ঠায়



> আমেরিকার বন্ধু দেশের সংগঠন ইউরোপীয় ইউনিয়নও নাকচ করেছে। বাংলাদেশ ছয় মাসের মধ্যে পর্যালোচনা করতে পারত, কিন্তু বাংলাদেশের সব রাজনৈতিক দলই চুক্তির বিষয়ে নীরব। জামায়াতে আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া পারস্পরিক বাণিজ্য চুক্তিকে 'বাস্তবতার আলোকে' দেখতে বলেছেন। আসলে সত্যটা কী, তা পাঠকের বিচার-বিশ্লেষণের জন্য চুক্তির গুরুত্বপূর্ণ বিষয়গুলো গত ৩০ এপ্রিল কালবেলায় 'মার্কিন বাণিজ্য চুক্তির ফাঁদে বাংলাদেশ' শিরোনামে প্রকাশ হয়েছে। জাতীয় সংসদ নির্বাচনের মাত্র তিন দিন আগে অন্তর্বর্তী ইউনূস সরকার আমেরিকার সঙ্গে অনেক বিষয় নিয়ে চুক্তি করে বাংলাদেশকে চুক্তি করার ফাঁদে ফেলেছে। তাই যুক্তরাষ্ট্রের সঙ্গে ভবিষ্যতে চুক্তির হিড়িক দেখা যেতে পারে

# ট্রাম্প শুরু করেন, শেষ করতে পারেন না...

মালিহা লোধি

> আগের মতো মাঝপথে সরে যাওয়া এবার ট্রাম্পের পক্ষে সহজ হবে না। কারণ, এখানে সমাধান বলতে শুধু অস্থায়ী যুদ্ধবিরতি নয়, স্থায়ী চুক্তি প্রয়োজন। এই ধারাবাহিক অসমাপ্ত উদ্যোগের ফল মারাত্মক। আন্তর্জাতিক স্তরে যুক্তরাষ্ট্রের বিশ্বাসযোগ্যতা ক্ষতিগ্রস্ত হচ্ছে। মিত্রদেশগুলোর মনে সন্দেহ তৈরি হচ্ছে- যুক্তরাষ্ট্র কি আদৌ নির্ভরযোগ্য? অন্যদিকে প্রতিদ্বন্দ্বী দেশগুলো আরও কঠোর অবস্থান নিচ্ছে। তারা অপেক্ষা করতে শিখছে। তারা জানে, সময় গেলে যুক্তরাষ্ট্র নিজেই অন্যদিকে মন দেবে। ফলে যুক্তরাষ্ট্রের কূটনৈতিক অবস্থান দুর্বল হয়ে পড়ছে। যখন কোনো দেশ শুরু করা কাজ শেষ করতে পারে না, তখন তার বিশ্বাসযোগ্যতা কমে যায়। আর আন্তর্জাতিক রাজনীতিতে বিশ্বাসযোগ্যতা হারানো মানে শক্তি হারানো। ট্রাম্পের অসমাপ্ত উদ্যোগগুলোই সেই সংকটকে আরও স্পষ্ট করে তুলছে



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অস্থির ও মতিচ্ছন্ন ব্যক্তিত্ব নিয়ে শুধু যুক্তরাষ্ট্রেই নয়, সারা বিশ্বেই বিস্তর আলোচনা হয়েছে। তাঁর স্বভাব, সিদ্ধান্ত নেওয়ার ধরন, শাসনপদ্ধতি-সবই বহুবার বিশ্লেষণের বিষয় হয়েছে। কিন্তু একটি দিক তুলনামূলকভাবে কম আলোচনায় এসেছে অথচ পররাষ্ট্রনীতি বোঝার জন্য সেটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ। তা হলো তিনি কাজ শুরু করেন, কিন্তু শেষটা ঠিকমতো করতে পারেন না।

বারবার দেখা গেছে, ট্রাম্প হুট করে কোনো উদ্যোগ নেন, বড় কোনো ঘোষণা দিয়ে বসেন, কিন্তু শেষ পর্যন্ত তা বাস্তব রূপ পায় না। মাঝপথে তিনি দিশা বদলে ফেলেন। এর কারণ হতে পারে তাঁর অল্প মনোযোগের স্বভাব, ধারাবাহিকতার অভাব বা ধৈর্যের ঘাটতি। ফলে বহু উদ্যোগই অর্ধেক পথে থেমে যায়।

অনেক সময় ট্রাম্প এমন লক্ষ্য স্থির করেন, যা বাস্তবে অর্জন করা কঠিন। পরে যখন বুঝতে পারেন তা সম্ভব নয়, তখনই অন্যদিকে মন ঘুরিয়ে দেন। সমস্যার সমাধান করার বদলে তখন বিষয়টিকে ভবিষ্যতের দিকে ঠেলে দেন। এক নীতি থেকে আরেক নীতিতে হঠাৎ সরে গিয়ে তিনি অনেক বিষয়ই ঝুলিয়ে রাখেন।

এর সবচেয়ে স্পষ্ট উদাহরণ গাজা নিয়ে তাঁর শান্তি পরিকল্পনা। সাত মাস আগে তিনি বড় আড়ম্বরে এই পরিকল্পনা ঘোষণা করেছিলেন। কিন্তু নিজের ঘোষিত কুড়ি দফা পরিকল্পনা বাস্তবায়নের বদলে তিনি হঠাৎ ইসরায়েলের সঙ্গে মিলে ইরানের বিরুদ্ধে আক্রমণে জড়িয়ে পড়েন। ফলে গাজা পরিকল্পনা কার্যত অনিশ্চয়তায় পড়ে যায়।

হ্যাঁ, যুদ্ধবিরতি হয়েছে বটে, কিন্তু তা বারবার ভেঙে পড়েছে ইসরায়েলি হামলায়। ২০২৫ সালের অক্টোবর থেকে কার্যকর হওয়া যুদ্ধবিরতির পরও সাত শতাধিক ফিলিস্তিনি নিহত হয়েছেন। গাজার অর্ধেকের বেশি এলাকা এখন ইসরায়েলের দখলে। এমনকি ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু গাজার ৭০ শতাংশ এলাকা দখল করতে নির্দেশ দিয়েছেন। যখন কোনো দেশ শুরু করা কাজ শেষ করতে পারে না, তখন তার বিশ্বাসযোগ্যতা কমে যায়। আর আন্তর্জাতিক রাজনীতিতে বিশ্বাসযোগ্যতা হারানো মানে শক্তি হারানো। ট্রাম্পের অসমাপ্ত উদ্যোগগুলোই সেই সংকটকে আরও স্পষ্ট করে তুলছে।



ট্রাম্পের পরিকল্পনায় ইসরায়েলি সেনা প্রত্যাহারের কথা থ াকলেও তা কখনো শুরুই হয়নি। বহু পর্যায়ের যে পরিকল্পনার কথা বলা হয়েছিল, তা প্রথম ধাপের গণ্ডিই পেরোয়নি। আন্তর্জাতিক স্থিতিশীলতা বাহিনী গঠনের কথা থাকলেও তা গড়ে ওঠেনি, মোতায়েন তো দূরের কথা। ২০২৬ সালের জানুয়ারিতে গঠিত তথাকথিত 'বোর্ড অব পিস' নিয়েও এখন আর বিশেষ কিছু শোনা যায় না।

ট্রাম্প একে বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ সংস্থা বলে বর্ণনা করেছিলেন। গাজা পুনর্গঠনের দায়িত্ব তাঁর ওপর ছিল, কিন্তু সেই কাজও শুরু হয়নি; বরং নানা আইনি ও রাজনৈতিক জটিলতায় সংস্থাটি জড়িয়ে পড়েছে-এমন খবরই পাওয়া যাচ্ছে। তহবিলেও অর্থের অভাব। 'নিউ গাজা' গড়ে তোলার যে স্বপ্ন দেখানো হয়েছিল (যেখানে এই অঞ্চলকে মধ্যপ্রাচ্যের রিভিয়েরা বানানো হবে বলে বলা হয়েছিল), তা এখন সম্পূর্ণ অনিশ্চিত। এরই মধ্যে গাজার মানুষ ভয়াবহ মানবিক সংকটের মধ্যে দিন কাটাচ্ছেন।

ট্রাম্পের আর একটি অসমাপ্ত উদ্যোগ হলো ইউক্রেন যুদ্ধ থামানোর চেষ্টা। এ যুদ্ধ এখন চতুর্থ বছরে পড়েছে। যদিও মধ্যপ্রাচ্যের সংকটের আড়ালে তা অনেকটাই ঢাকা পড়ে গেছে। ট্রাম্প একসময় বলেছিলেন, তিনি ২৪ ঘণ্টার মধ্যে এ যুদ্ধ শেষ করে দিতে পারবেন। প্রথমে তিনি ইউক্রেনকে এমন একটি প্রস্তাব মানতে চাপ দেন, যা রাশিয়ার পক্ষে যায়। তিনি বলেন, ইউক্রেনের হাতে কোনো তাস নেই। কিন্তু কিয়েভ তা মানতে অস্বীকার করলে ২০২৫ সালের ডিসেম্বর মাসে যুক্তরাষ্ট্র ও ইউক্রেনের মধ্যে কুড়ি দফার একটি শান্তি পরিকল্পনা হয়।

কিন্তু এর পর থেকে ট্রাম্প বারবার ইউক্রেনের নেতৃত্বকে অপমান করেছেন, সামরিক সহায়তা স্থগিত রেখেছেন, নিজের অবস্থান বদলেছেন। যদিও তিনি কিয়েভের সঙ্গে খনিজ সম্পদ নিয়ে চুক্তি করেন। তবু রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞার হুমকি দিয়ে তা কার্যকর করেননি। ট্রাম্প কখনো আলোচনা শুরু করেছেন, কখনো থামিয়ে দিয়েছেন। আবার কখনো ত্রিপক্ষীয় বৈঠকের মাধ্যমে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে সমঝোতার চেষ্টা করেছেন।

২০২৫ সালের আগস্টে আলাস্কায় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে তাঁর বৈঠক ঘিরে অনেক আশা তৈরি হয়েছিল। মনে করা হয়েছিল, অন্তত যুদ্ধবিরতি হতে পারে। ট্রাম্প নিজেই সেই প্রত্যাশা বাড়িয়েছিলেন, কিন্তু কোনো ফল হয়নি। পরে তিনি বলেন, যুদ্ধবিরতি নয়, সরাসরি স্থায়ী শান্তিচুক্তিই বেশি কার্যকর। কিন্তু সেই আলোচনাও এগোয়নি। ফেব্রুয়ারিতে আলোচনা থমকে যায়।

ইউক্রেনের মতে, ট্রাম্প প্রশাসন পুতিনের ওপর চাপ তৈরি করতে আগ্রহী নয়। পরে চীন সফরে যাওয়ার আগে ট্রাম্প আবার বলেন, সমাধান খুব কাছাকাছি। কিন্তু রাশিয়া জানিয়ে দেয়, তেমন কোনো পরিষ্কার পরিকল্পনা নেই। গত মাসে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও স্বীকার করেন, শান্তিপ্রক্রিয়া স্থবির হয়ে গেছে এবং এরপর ২৭ পৃষ্ঠায়


ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# লোকসংগীত সম্রাট আব্দুল আলিম স্মরণে বিশেষ অনুষ্ঠান সম্পন্ন

আজকাল রিপোর্ট : বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে বাংলার লোকসংগীত সম্রাট আব্দুল আলিমের জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা এবং শিল্পীর গাওয়া বিখ্যাত গান পরিবেশনের মাধ্যমে উদযাপিত হয়েছে এক স্মরণীয় অনুষ্ঠান। গত ৩১ মে রবিবার জ্যামাইকার ষ্টার কাবাব পার্টি হলে উক্ত অনুষ্ঠানের আয়োজোক ছিলেন প্রবাসে এই প্রথম এই গুণী শিল্পীর স্মরণে প্রতিষ্ঠিত আব্দুল আলিম স্মৃতি পরিষদ -যুক্তরাষ্ট্র। সংগঠনের কর্মকর্তাদের দাবী মরহুম আব্দুল আলীম বাংলাদেশের সঙ্গীত জগতের অনন্য ব্যক্তিত্ব। তাঁর গান ও জীবন কর্ম প্রবাসীসহ বাংলাদেশী-আমেরিকান নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে 'আব্দুল আলীম স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র' গঠন করা হয়েছে। আর এই পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি হলেন সকলের পরিচিত প্রবাসের একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব বেলাল আহমেদ ও সাধারণ সম্পাদক জোহরা আলীম। সভাপতি বেলাল তার নিজস্ব আগ্রহে এই গুণী শিল্পীর শিল্পকর্মকে স্মরণীয় করে সমাজে ছড়িয়ে দেয়ার লক্ষে এই উদ্যোগ নিয়েছেন। ৩১ মে ছিল তার প্রথম অনুষ্ঠান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আব্দুল আলিমের কনিষ্ঠ কন্যা জোহরা আলিম এবং জনপ্রিয় শিল্পী দিলরুবা খানের কন্যা শিমুল খান। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শাহ নেওয়াজ গ্রুপের প্রধান শাহ নেওয়াজ ,বিশেষ অতিথি ছিলেনগোল্ডেন এজ হোম কেয়ারের ভাইস প্রেসিডেন্ট ও সঙ্গীত শিল্পী রানো আমেনা নেওয়াজ। এছাড়াও উপস্থিত ছিলেন আকবর হায়দার কিরণ, নাসির খান পল, মনোয়ারুল ইসলাম ও সংগীত শিল্পী বিপ্লব প্রমুখ। সঞ্চালনায় ছিলেন আহসান হাবিব, তিনি মরমী শিল্পী আব্দুল আলিমের সংক্ষিপ্ত জীবনী এবং তার সংগীত জীবনের হাতে খড়ি নিয়ে আলোচনা করেন। তিনি বলেন বাংলা প্রথম চলচিত্র মুখ ও মুখোশ ছবিতে প্রথম প্লে -ব্যাক সিঙ্গার হিসাবে কণ্ঠ দেন, তার পর থেকে এই শিল্পীকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। সভাপতি বেলাল বলেন দীর্ঘ দিন থেকেই তিনি এই গুণী শিল্পীকে স্মরণীয় করে রাখতে একটি সংগঠন প্রতিষ্ঠার চিন্তা ভাবনা করছিলেন, অবশেষে তিনি আব্দুল আলিম স্মৃতি পরিষদ নামে এই সংগঠনটি করতে সক্ষম হয়েছেন। এ ব্যাপারে যারা তাকে সহায়তা করেছেন তাদের সকলকে তিনি ধন্যবাদ জানান। প্রধান অতিথি শাহ নেওয়াজ বেলাল এর এই উদ্যোগকে সাধুবাদ জানান, তিনি বলেন শিল্পী আব্দুল আলিমের প্রতি বেলালের এই ভালোবাসা তার উন্নত মন-মানসিকতার বহিঃ প্রকাশ। আমি এই সংগঠনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। অন্যান্য অতিথিবৃন্দ সকলেই বেলালের ভূয়সী প্রশংসা করেন। জোহরা আলিম শুরুতে তার পিতার গাওয়া বিখ্যাত গান " মাঝি বাইয়া যাওরে " গানটি পরিবেশন করেন, এর পর তিনি আব্দুল আলিমের গাওয়া অনেকগুলি জনপ্রিয় গান গেয়ে শুনান। শিল্পী শিমুল খান তার মায়ের জনপ্রিয় গান গুলি ছাড়াও আব্দুল আলিমের গাওয়া গান গেয়ে শুনান। শিল্পীদের গাওয়া প্রতিটি গানই উপস্থিত দর্শক-শ্রোতার হৃদয় ছুঁয়ে যায় এবং শেষ পর্যন্ত সবাই আগ্রহ সহকারে অনুষ্ঠান উপভোগ করেন।




















# আটলান্টিক সিটি মেয়র মার্টি স্মল সিনিয়রের অভিষেক গালা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

এসব সংস্থা মূলত যুবসমাজ, প্রবীণ নাগরিক, বহুজাতিক সাংস্কৃতিক কার্যক্রম এবং শিল্পকলার সঙ্গে যুক্ত। বাংলাদেশ কমিউনিটিও এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। ২০২২ সালে মেয়রের প্রথম বছরের অভিষেক গালায় ৬১১,০০০ ডলারেরও বেশি অর্থ সংগ্রহ করা হয়েছিল, যা তরুণদের উন্নয়নমূলক উদ্যোগে ব্যয় করা হয়। এবারের আয়োজনে সেই সাফল্যকে ছাড়িয়ে যাওয়ার প্রত্যয় করা হয়েছে, যা আরও বিস্তৃত পরিসরে মানুষের জীবনে ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

অনুষ্ঠানে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ শাহরিয়ার আহমেদ, গিয়াসউদ্দীন পাঠান, মাহবুবুল হক মামুন, আটলান্টিক সিটি বিজনেস এসোসিয়েশন সভাপতি মাহবুবুর রহমান, আটলান্টিক সিটি স্কুল বোর্ডের সদস্য সুব্রত চৌধুরী, জাহিদ হোসেন, মাহমুদ শাহ, আব্দুর রহিম, সৈয়দ শহীদসহ কমিউনিটি এক্টিভিস্টরা উপস্থিত ছিলেন।

# নিউইয়র্ক গ্লোবাল শর্ট ফিল্ম ফেস্ট ৮ আগস্ট

৩ পৃষ্ঠার পর

আমেরিকার বিভিন্ন দেশ থেকে চলচ্চিত্র জমা পড়েছে। এই বিপুল সাড়ায় মুগ্ধ আয়োজকরা। বিশেষ করে ফিল্মফ্রিওয়ে এই উৎসবকে 'বেস্ট সেলার' হিসেবে ঘোষণা দিয়েছে। উৎসব পরিচালক ও নিউইয়র্ক ফিল্ম ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা শামীম আল আমিন জানান, আগামী ৮ আগস্ট শনিবার আয়োজনটি চলবে সকাল ১১টা থেকে রাত ১০টা পর্যন্ত, দুটি আলাদা ভেন্যুতে। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান, সেমিনার, ওয়ার্কশপ এবং চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হবে সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জ্যামাইকার কুইন্স লাইব্রেরী সেন্ট্রালের মিলনায়তনে। এরপর বিকেল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত দ্বিতীয় ভেন্যু জ্যামাইকা সেন্টার ফর আর্টস এন্ড লার্নিং (জেসিএএল) -এ অনুষ্ঠিত হবে চলচ্চিত্র প্রদর্শনী, আলোচনা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

আয়োজকরা জানান, এবারের উৎসবে মোট ১১টি ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হবে। গত তিন বছরের মধ্যে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও ডকুমেন্টারি জমা দেওয়ার সুযোগ থাকছে। একইসঙ্গে শিক্ষার্থী ও নবীন নির্মাতাদের জন্য আলাদা বিভাগ রাখা হয়েছে। অংশগ্রহণকারীরা একাধিক ক্যাটাগরিতে চলচ্চিত্র জমা দিতে পারবেন।

আমেরিকার খ্যাতিমান চলচ্চিত্র নির্মাতা লিয়ার সেভিন এবারের উৎসবের জুরি বোর্ডের প্রধান হিসেবে থাকবেন। তার নেতৃত্বে বেশ কয়েকজন চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিত্ব থাকবেন জুরি বোর্ডে।

শামীম আল আমিন জানান, এই চলচ্চিত্র উৎসবটি প্রতিবছর অনুষ্ঠিত হবে। চলচ্চিত্রের মাধ্যমে সমাজ সচেতনতার বার্তা ছড়িয়ে দেয়া, চলচ্চিত্রের প্রতি মানুষকে আকৃষ্ট করা, নবীনদের সহায়তা, ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদি আয়োজনের মাধ্যমে কাজ করতে গড়ে তোলা হয়েছে নিউইয়র্ক ফিল্ম ফাউন্ডেশন। চলচ্চিত্রের পাশাপাশি ফটোগ্রাফি নিয়েও কাজ করার পরিকল্পনা রয়েছে সংগঠনের। এরিমধ্যে চলচ্চিত্র ও ফটোগ্রাফি সংশ্লিষ্ট একাধিক গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব যুক্ত হয়েছেন এই প্রতিষ্ঠানের সঙ্গে।

এবারের উৎসবের আহবায়ক ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ডা. প্রতাপ দাস। তিনি আশা প্রকাশ করেন, বিশ্বের বিভিন্ন দেশ থেকে অংশ নেয়া মানসম্মত চলচ্চিত্র প্রদর্শনীর মধ্য দিয়ে সবার মন জয় করবে এই উৎসব। তিনি বলেন, নিউইয়র্কের দর্শকদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক আয়োজন হতে যাচ্ছে। তিনি জানিয়েছেন, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চলচ্চিত্র নির্মাতা ও অতিথি এতে অংশ নেবেন। তিনি সবাইকে উৎসবে অংশগ্রহণ ও উপভোগের আহ্বান জানান।

এখন পর্যন্ত এই উৎসবের পার্টনার হিসেবে থাকছে কুইন্স পাবলিক লাইব্রেরি, ফিল্মফ্রিওয়ে, অভিজ্ঞ সোসাইটি রেহিবিলিটেশন অর্গানাইজেশন (এএসএইচও), ওয়ান ওয়ান অর্গানাইজেশন। ক্রিয়েটিভ পার্টনার থাকছে দ্য সেন্স নিউইয়র্ক। এ ছাড়া স্পন্সর হিসেবে যুক্ত হয়েছে ট্রি মেক কার্মা এবং স্ট্যান্ডার্ড এক্সপ্রেস।

# বাংলাদেশ বিজয়ের নায়ক ড. খলিলুর রহমান

১ পৃষ্ঠার পর


বিজয়- হিসেবে আখ্যায়িত করেছেন পররাষ্ট্রমন্ত্রী ও নবনির্বাচিত ইউএনজিএ সভাপতি ড. খলিলুর রহমান। তিনি বলেছেন, এই বিজয় দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা, কূটনৈতিক সক্ষমতা এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ক্রমবর্ধমান গ্রহণযোগ্যতার প্রতিফলন।

জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচন শেষে দেশে ফিরে গতকাল বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ড. খলিলুর রহমান এসব কথা বলেন। এ সময় তিনি বলেন, এ বিজয় বাংলাদেশের বিজয়। এ বিজয় আমাদের অভূতপূর্ব গণতান্ত্রিক উত্তরণের বিজয়। এ বিজয় বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের বিজয়। প্রধানমন্ত্রী যদি দৃঢ়ভাবে, অবিচলভাবে এবং বিরতিহীনভাবে আমাদের সমর্থন না করতেন, তাহলে দীর্ঘ সময়ের কূটনৈতিক প্রচেষ্টা এত দ্রুত সফলতায় পৌঁছানো সম্ভব হতো না।

এর আগে সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। পরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মকর্তা-কর্মচারীদের আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ উপস্থিত ছিলেন।

